



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৫৪১

তারিখ: ০৬ মে ২০২৩ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগের জন্য স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগদানের নিমিত্ত গত ১৫/০৪/২০২৩ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৪৯৩ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে-

সহকারী অধ্যাপক পদে মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত লোক প্রশাসন ও ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক পদে শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ২. (খ) নং শর্তটি নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

২. (খ) 'লোক প্রশাসন বিভাগের জন্য স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে এবং ইতিহাস বিভাগের জন্য স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যেকোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্ৰাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।'

প্রভাষক পদে মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত অর্থনীতি, লোক প্রশাসন ও ইতিহাস বিভাগের প্রভাষক পদে শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ২. নং শর্তটি নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

২. 'অর্থনীতি ও লোক প্রশাসন বিভাগের জন্য স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে এবং ইতিহাস বিভাগের জন্য স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যেকোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্ৰাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।'

এছাড়া ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের নির্ধারিত ০২টি প্রভাষক পদের শর্ত নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

'ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে এবং উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে। এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৪.০০ অথবা সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্ৰাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।'

উপরিলিখিত লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক পদে এবং অর্থনীতি, লোক প্রশাসন ও ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক পদে আবেদনের সময়সীমা ২২ মে ২০২৩ ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

এছাড়াও পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারী পদে স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত ১৫ এপ্রিল ২০২৩ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৪৯১ ও পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৪৯২ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহে আবেদনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২২ সেপ্টেম্বর ২০২২ ইং তারিখের নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২৫ মার্চ ২০২০ ইং তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন। আবেদনের সময়সীমা ২২ মে ২০২৩ ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইট- www.pust.ac.bd এ পাওয়া যাবে।

রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।